বিনা সাজে সাজি    দেখা দিয়েছিলে কবে
আভরণে আজি    আবরণ কেন তবে ॥
    ভালোবাসা যদি    মেশে আধা-আধি মোহে
    আলোতে আঁধারে    দোঁহারে হারাব দোঁহে,
    ধেয়ে আসে হিয়া    তোমার সহজ রবে,
    আভরণ দিয়া    আবরণ কেন তবে ॥
ভাবের রসেতে    যাহার নয়ন ডোবা
ভূষণে তাহারে    দেখাও কিসের শোভা।
    কাছে এসে তবু    কেন রয়ে গেলে দূরে।
    বাহির-বাঁধনে    বাঁধিবে কি বন্ধুরে।
    নিজের ধনে কি    নিজে চুরি করে লবে—
    আভরণে আজি    আবরণ কেন তবে ॥

---

Parjaay: Prem/Chitrangada, Taal: Sasthi, Style: Kirtan

Visit www.geetabitan.com for notation and other detail